



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৭.২০.২৩৭

তারিখ: ১ চৈত্র ১৪২৭

১৫ মার্চ ২০২১

বিষয়: বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলাধীন মনসুর হোসেন ডিগ্রী কলেজে উপাধ্যক্ষ নিয়োগের বিরুদ্ধে জনাব মোঃ ইউনুছ আলী, সহকারী অধ্যাপক, চন্দনবাইশা ডিগ্রী কলেজ, সারিয়াকান্দি, বগুড়া অভিযোগ এর বিষয়ে ব্যবস্থা গ্রহণ

বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলাধীন মনসুর হোসেন ডিগ্রী কলেজে উপাধ্যক্ষ নিয়োগের বিরুদ্ধে জনাব মোঃ ইউনুছ আলী, সহকারী অধ্যাপক, চন্দনবাইশা ডিগ্রী কলেজ, সারিয়াকান্দি, বগুড়া অভিযোগ দায়ের করেন।

অভিযোগের বিষয়ে তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য পরিচালক ও উপপরিচালক [কলেজ], আঞ্চলিক কার্যালয়, রাজশাহী, মাউশি কে তদন্ত কর্মকর্তা মনোনয়ন করা হয়। তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন।

তদন্ত কর্মকর্তার মতামত: মনসুর হোসেন ডিগ্রী কলেজ, বগুড়ায় উপাধ্যক্ষ নিয়োগকে কেন্দ্র করে নন্দীগ্রাম সিনিয়র জজ আদালতে মামলা চলমান রয়েছে। জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১০ অনুযায়ী উপাধ্যক্ষ পদে জনাব মোঃ আঃ হান্নান সরদারের ১২ বছরের কাম্য অভিজ্ঞতা শর্ত পূরণ হয় নাই। উপাধ্যক্ষ নিয়োগের জন্য নিয়োগ সংক্রান্ত সভার রেজুলেশনে নিয়োগ অনুমোদনকারী গভর্নিং বডির ১২ জন সদস্যের মধ্যে ০৫ জন সদস্য উপস্থিত ছিলেন। ফলে কোরাম পূরণ হয় নাই। উপাধ্যক্ষ পদে যোগদানকারী জনাব মোঃ আঃ হান্নান সরদার পূর্ববর্তী প্রতিষ্ঠান হতে বিমুক্ত না হয়ে অক্টোবর/২০২০ পর্যন্ত বেতন ভাতা উত্তোলন করেছেন। বর্ণিত অবস্থায় জনাব মোঃ আঃ হান্নান সরদার এর নিয়োগ ও যোগদান বিধিসম্মত হয় নাই।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার মতামতের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে ব্যাখ্যা/মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫-৩-২০২১

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) সভাপতি, গভর্নিং বডি, মনসুর হোসেন ডিগ্রী কলেজ, নন্দীগ্রাম, বগুড়া
- ২) অধ্যক্ষ, মনসুর হোসেন ডিগ্রী কলেজ, নন্দীগ্রাম, বগুড়া।


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৭.২০.২৩৭/১(২)

তারিখ: ১ চৈত্র ১৪২৭

১৫ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ২) সংরক্ষণ নথি।



১৫-৩-২০২১

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক